

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৭৪.২০১৩- ৪০৬

তারিখঃ- ২৭.০৮.১৪২১ বঙ্গাব্দ  
৪১. ১২.২০১৪ খ্রিস্টাব্দ

### আদেশ

যেহেতু, ডাঃ রিজওয়ানা আনোয়ার শৈলী (১২১৬১০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা (প্রাত্ন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিতলমারী, কুড়িগ্রাম) ০৪.০৭.২০১০ খ্রিঃ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩ (বি) বিধি মোতাবেক অসদাচরণ এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, সেহেতু তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হলে ডাঃ রিজওয়ানা আনোয়ার শৈলী (১২১৬১০) গত ০১.০৭.২০১০ খ্রিঃ তারিখে সহকারী সার্জন (নন-ক্যাডার) পদে এডহক নিয়োগপ্রাপ্ত, কমিশন কর্তৃক তাঁর চাকুরি নিয়মিত হয়নি, কাজেই সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(৩) বিধি অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁকে শাস্তি আরোপ করতে পারে মর্মে কমিশন কর্তৃক মতামত প্রদান করা হয়;

এক্ষণে সেহেতু, সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(৩) ধারা মোতাবেক ডাঃ রিজওয়ানা আনোয়ার শৈলী (১২১৬১০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা (প্রাত্ন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিতলমারী, কুড়িগ্রাম) -কে সরকারী চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৪.০৭.২০১০ খ্রিঃ থেকে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

  
(সৈয়দ মন্জুরুল ইসলাম)  
সচিব

উপ-পরিচালক


বাংলাদেশ ফরমস্য ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৭৪.২০১৩- ৪০৬/১ (৭)

তারিখঃ-১৯.১২.২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ঠিকানায় প্রেরণের অনুরোধসহ)।
- ৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করার অনুরোধসহ)।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মদন, নেত্রকোণা।
- ৭। ডাঃ রিজওয়ানা আনোয়ার শৈলী (১২১৬১০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা (প্রাত্ন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিতলমারী, কুড়িগ্রাম)।

  
(সৈয়দ ইয়াসুজ্বাম)

উপ-সচিব

ফোন-৯৫৪৫০২৮

[Sasdsc2@mohfw.gov.bd](mailto:Sasdsc2@mohfw.gov.bd)